

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৯.২০০৯.৩৪৩

তারিখ : ৩১.১২.২০১৯ খ্রি:

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগের কনটেম্পট পিটিশন নং ৬৪৫/২০১৮ এর আদেশের প্রেক্ষিতে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া এর স্মারক নং-০৫.৫০.১০০০.০২৯.৩২.০১২.১৯.১৬ (খ) তারিখ : ২৬.০৫.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব আবু নছর মো: আলমগীর ছসাইন, সিনিয়র সহকারী শিক্ষক (ইসলাম শিক্ষা), বগুড়া সেন্ট্রাল হাইস্কুল ২০১৩ সালে ফৌজদারী মামলায় গ্রেফতার হন। এ প্রেক্ষিতে স্কুল কর্তৃপক্ষ ০১.০৩.২০১৩ তারিখে তাকে সাময়িক বরখাস্ত করে। তিনি বরখাস্ত আদেশের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১০০৯/২০১৬ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ ০৪.০৯.২০১৬ তারিখে নিম্নোক্ত আদেশ প্রদান করেন:


In view of the above, we direct the respondents particularly the respondent no 3 to dispose of the representation as contained in Annexure-C dated 21.07.2016 filed by the petitioner in accordance with law within 30 (thirty) days from the date of receipt of a copy of this order.

২। পরবর্তীতে জনাব আবু নছর মো: আলমগীর ছসাইন মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৫৫০৭/২০১৭ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ ০৭.১১.২০১৭ তারিখে নিম্নোক্ত আদেশ প্রদান করেন:

Accordingly, we direct the respondents no 3 to dispose of the representation of the petitioner dated 15.07.2017 (Annexure-F to the Writ petition) within 60 (Sixty) days from the date of receipt of the copy of this order.

৩। মহামান্য হাইকোর্ট বিভাগের ০৭.১১.২০১৭ তারিখের আদেশ বাস্তবায়িত না হওয়ায় জনাব আবু নছর মো: আলমগীর ছসাইন বিদ্যালয় কর্তৃপক্ষের বিরুদ্ধে ৬৪৫/২০১৮ নং কনটেম্পট মামলা দায়ের করেন।

৪। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১৫৫০৭/২০১৭ এর ০৭.১১.২০১৭ তারিখের আদেশ এবং তৎপরবর্তীতে কনটেম্পট পিটিশন নং ৬৪৫/২০১৮ এর আদেশের প্রেক্ষিতে অত্র বিভাগের কি করণীয় তা আগামী ১০ কর্মদিবসের মধ্যে আইনগত মতামতসহ প্রতিবেদন এ বিভাগে প্রেরণ এবং একইসাথে সরকার পক্ষ হতে যথাযথ জবাব প্রস্তুতপূর্বক বিজ্ঞ আদালতে উপস্থাপন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


৩১/১২/২০১৯
(মো: কামরুল হাসান)
উপসচিব
ফোন : ৯৫৪০৫১৭
ই-মেইল ds.mpo@moedu.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
২. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বগুড়া ও সভাপতি, বগুড়া সেন্ট্রাল হাইস্কুল, বগুড়া।

৫. বিভিন্ন সিনিয়র এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।